# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

একই মজলিসে ৩ জন বসে থাকলে তাদের একজনকে বাদ দিয়ে কথা না বলা

একই মজলিসে ৩ জন বসে থাকলে তাদের একজনকে বাদ দিয়ে অপরজনকে নিয়ে আপনি কোন গোপন কথা বলবেন না অথবা ফিস্ফিসিয়ে কোন কথাই বলবেন না অথবা দূরে নিয়ে গিয়ে কোন আলোচনা করবেন না। কারণ এতে ঐ তৃতীয় ব্যক্তির মনে কষ্ট হবে। সে আপনাদের প্রতি কুধারণা করবে। হয়তো বা মনে করবে যে, আপনারা তারই বিরুদ্ধে কিছু বলছেন অথবা আপনারা তার নিকট কোন কথা গোপন করতে চাচ্ছেন এবং সে আমানতে খেয়ানতের ব্যাপারে তাকে সন্দেহ করছেন। যেমন কালা লোকের সামনে দুজনে কথা বললে তার মন ও মেজাজ বিগড়ে যেতে দেখা যায়। যেহেতু সে তাদের কথা শুনতে পায় না এবং মনে করে কথা তারই বিরুদ্ধে।

তদনুরূপ আপনারা দুইজন এক ভাষার হলে এবং অপরজন অন্য ভাষার হলে এবং সে আপনাদের ঐ ভাষা না বুঝলে যে ভাষা সবাই বুঝে সেই ভাষাতেই কথা বলা উচিত। এ ক্ষেত্রে আপনার নিজেদের ভাষায় সশব্দে তার সামনে কথা বললেও তার মনে কষ্ট হবে। অতএব সেখানেও এই আদবের খেয়াল রাখুন।

রাসুল (ﷺ) বলেন, ‘‘(কোন তিন ব্যক্তি) যেন তৃতীয়জনকে ছেড়ে দুই জনে ফিস্ফিসিয়ে কথা না বলে। কারণ, তা তাকে দুশ্চিন্তাগ্রস্ত করবে।’’[1]

উল্লেখ্য যে, যদি তিনের বেশী লোক থাকে, তাহলে দুই জনের চুপে চুপে অথবা একটু সরে গিয়ে কানে কানে কথা বলা দূষণীয় নয়।

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৬২৮৮, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২১৮৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=8050

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন